

ইউসিএসআই ইউনিভার্সিটির নবীন শিক্ষার্থীদের বরণ

নিজস্ব প্রতিবেদক

১৯ মে ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়



মালয়েশিয়ার ইউসিএসআই ইউনিভার্সিটির বাংলাদেশ শাখা ক্যাম্পাসে সামার সেমিস্টারের শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। গত শনিবার রাজধানীর বনানীতে বিশ্ববিদ্যালয়টির অডিটোরিয়ামে অনুষ্ঠিত ওরিয়েন্টেশনে নতুন শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকরা অংশ নেন।

ওরিয়েন্টেশনের উদ্বোধনী পর্বে নতুন শিক্ষার্থীদের স্বাগত জানান এবং ইউনিভার্সিটির পরিচিতি তুলে ধরে বক্তব্য দেন চিফ একাডেমিক অ্যাডভাইজার অধ্যাপক একে এনামুল হক, ফ্যাকাল্টি অব সোশ্যাল সায়েন্স অ্যাড লিবারেল আর্টসের ডিন অধ্যাপক বিজয় প্রসাদ বড়ুয়া, ফ্যাকাল্টি অব বিজনেস ম্যানেজমেন্টের ডিন অধ্যাপক গোলাম আহমেদ ফারুকী।

নতুন শিক্ষার্থীদের স্বাগত জানিয়ে অধ্যাপক এনামুল হক বলেন, ইউসিএসআই ইউনিভার্সিটি বাংলাদেশ শাখা ক্যাম্পাসের সব কারিকুলাম ও সিস্টেম মালয়েশিয়ার মেইন ক্যাম্পাসের তত্ত্বাবধানে পরিচালিত হয়। শিক্ষার্থীদের উদ্দেশে তিনি বলেন, বর্তমান যুগ কৃত্রিম বুদ্ধিমত্তা বা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের যুগ। তবে কৃত্রিম বুদ্ধিমত্তা তখনই প্রকৃত বুদ্ধিমত্তা হবে, যখন সে তার

উত্তরের ব্যাখ্যা দিতে পারবে। এখন পর্যন্ত সে ক্ষমতা কেবল মানুষেরই আছে। তাই শিক্ষার্থীদের তিনি বিষয় ও পরিস্থিতি ব্যাখ্যা করার ক্ষমতা অর্জনে গুরুত্বারোপের পরামর্শ দেন। পরে সংশ্লিষ্ট শিক্ষকেরা নতুন শিক্ষার্থীদের ইউসিএসআই ইউনিভার্সিটির পরিচিতি, কারিকুলাম ও কোর্স পরিচিতি, পাঠদান পদ্ধতি, পরীক্ষা, এক্সট্রা কারিকুলাম কার্যক্রম বিষয়ে বিস্তারিত তুলে ধরেন।